বণিক বার্তা

# উত্তরা ইউনিভার্সিটিতে 'পাথওয়েস টু এ সাসটেইনেবল ফিউচার' বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

প্রকাশ: বুধবার ১১ ডিসেম্বর ২০২৪, ২৩:০৭

Source: https://bonikbarta.com/




**সেমিনারে বক্তারা টেকসই ভবিষ্যৎ নির্মাণের প্রয়োজনীয়তা, নবায়নযোগ্য শক্তির ব্যবহার, এবং পরিবেশ সংরক্ষণে শিক্ষার্থীদের ভূমিকা নিয়ে আলোচনা করেন। এছাড়াও জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং তা মোকাবেলায় প্রযুক্তিগত উদ্ভাবনের ভূমিকা নিয়েও দৃষ্টিভঙ্গি তুলে ধরা হয়।**

টেকসই উন্নয়নের প্রতি অঙ্গীকার নিয়ে উত্তরা ইউনিভার্সিটিতে 'পাথওয়েস টু এ সাসটেইনেবল ফিউচার' শিরোনামে সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১১ ডিসেম্বর) দেশের বিশিষ্ট শিক্ষাবিদ, গবেষক, এবং পরিবেশ বিশেষজ্ঞদের সমন্বয়ে বিশ্ববিদ্যালয়ে হলরুমে সেমিনারটি অনুষ্ঠিত হয়।

সেমিনারে বক্তারা টেকসই ভবিষ্যৎ নির্মাণের প্রয়োজনীয়তা, নবায়নযোগ্য শক্তির ব্যবহার, এবং পরিবেশ সংরক্ষণে শিক্ষার্থীদের ভূমিকা নিয়ে আলোচনা করেন। এছাড়াও জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং তা মোকাবেলায় প্রযুক্তিগত উদ্ভাবনের ভূমিকা নিয়েও দৃষ্টিভঙ্গি তুলে ধরা হয়।

আলোচক হিসেবে উপস্থিত ছিলেন পাওয়ার গ্রিড বাংলাদেশের (পিএলসি) চেয়ারম্যান ও ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সাবেক উপাচার্য প্রফেসর ড. এম রেজওয়ান খান, ইউএসটিসির সাবেক উপ-উপাচার্য ও বিজ্ঞানী প্রফেসর ড. নওসাদ আমিন, সিটি ইউনিভার্সিটির সাবেক উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শাহাদাত কবীর রিমন ও ক্লাইমেট চেঞ্জ পলিসি ম্যানেজার অ্যান্ড অ্যাক্রেডিটেড ক্লাইমেট অ্যান্ড এনভায়রনমেন্টের উপদেষ্টা এ এস এম মারজান নূর।

এ সময় আলোচকরা বলেন, ‘টেকসই ভবিষ্যৎ নিশ্চিত করতে হলে আমাদের ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে দায়িত্বশীলতার পরিচয় দিতে হবে। ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি বাসযোগ্য পৃথিবী রেখে যাওয়া আমাদের দায়িত্ব।’

অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. ইয়াসমীন আরা লেখা, উপ-উপাচার্য অধ্যাপক ড. গৌর গোবিন্দ গোস্বামী। অনুষ্ঠান শেষে ধন্যবাদ জ্ঞাপন করেন ইইই বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. শাকাওয়াত জামান সরকার। এছাড়া বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষকমণ্ডলী ও বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। —বিজ্ঞপ্তি